

পাটিশন ও মুক্তিযুদ্ধ বিষয়ক যৌথ গবেষণা প্রকল্প

সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন এন্ড কালচারাল স্টাডিজ

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, কলকাতা, ভারত

ও

ইংরেজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা, বাংলাদেশ

প্রকল্প শিরোনাম: মধ্য-দক্ষিণবঙ্গে পাটিশন(১৯৪৭) এবং মুক্তিযুদ্ধের(১৯৭১) স্মৃতি-স্মৃতিলোপ ও সাহিত্যের পরিসর নির্ণয়: একটি ভারত-বাংলাদেশ যৌথ গবেষণা প্রকল্প

সম্প্রতি খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ডিসিপ্লিন ও নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হিউম্যানিটিসের অন্তর্গত সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন এন্ড কালচারাল স্টাডিজ একটি যৌথ গবেষণা প্রকল্প গ্রহণ করেছে।

বিগত ২০শে সেপ্টেম্বর, কলকাতায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ভবনে এই প্রকল্পের প্রাথমিক সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ডিসিপ্লিনের পক্ষ থেকে এই মৌ-তে স্বাক্ষর করেন বিভাগীয় প্রধান অধ্যাপিকা ড সাবিহা হক এবং নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মানববিদ্যা অনুষদের কার্যনির্বাহী প্রধান ড মননকুমার মণ্ডল। উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অন্যতম অধ্যাপক ড আহমেদ আহসানুজ্জামান ও নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক শ্রীদীপ মুখার্জি।

এই গবেষণা প্রকল্পটির মূল লক্ষ্য,

১) পশ্চিমবঙ্গের পরিপ্রেক্ষিতে ৪৭'এর পাটিশন ও পরবর্তী উদ্বাসনের স্মৃতি-সাহিত্যকে সংগ্রহ করা ও তাকে সংরক্ষণ করা। মূলত নাগরিক সংস্কৃতি থেকে দূরবর্তী জেলা-মফঃস্বলের প্রান্তিক মানুষের রচনা, মৌখিক স্মৃতি, ব্যক্তিগত লিখিত নথি ইত্যাদি এই অনুসন্ধানের ক্ষেত্র। বিশেষ নজর থাকবে ৭৫-৯০ বয়সক্রমের মানুষদের স্মৃতি-সংগ্রহের প্রতি। পশ্চিমবঙ্গে উত্তর ও দক্ষিণ ২৪পরগনা, নদীয়া ও মুর্শিদাবাদ জেলা এই অনুসন্ধানের ক্ষেত্র। মুক্ত বিশ্ববিদ্যালয় ও খুলনা বিশ্ববিদ্যালয়ের গবেষক, অধ্যাপক ও ছাত্র-ছাত্রীরা এই গবেষণা ও অনুসন্ধানের কাজে অংশগ্রহণ করবেন।

- ২) বাংলাদেশের পরিপ্রেক্ষিতে ৭১'এর মুক্তিযুদ্ধ ও সমসাময়িক কালের সাধারণ মানুষের স্মৃতির আখ্যান সংগৃহীত হবে। এই আখ্যানে বাংলাদেশ জাতিরাত্তের উদ্ভবের নেপথ্যে সাধারণ মানুষের যে বীরত্বপূর্ণ সংগ্রাম ও অসহনীয় কষ্টস্বীকারের কাহিনি রয়েছে তার ব্যক্তিগত স্মৃতি-বিবরণ সংগ্রহ করে সংরক্ষণের পথে এগোনো হবে। বিশেষ নজর দেবার চেষ্টা থাকবে প্রান্তিক গ্রাম ও মফঃস্বলের সত্তরোধ মানুসজনের স্মৃতি সংগ্রহের বিষয়টি।
- ৩) গবেষণা প্রকল্পটির উদ্যোগে আগামী এক বছরের মধ্যে চারটি ওয়ার্কশপ আয়োজিত হবে। দু'টি কলকাতায় ও দু'টি খুলনায়। এই ওয়ার্কশপ গুলির সঙ্গে সংযুক্তভাবে আয়োজিত হবে আন্তর্জাতিক আলোচনাচক্র। এই আলোচনাচক্রে আমন্ত্রিত হবেন পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের বিশিষ্ট সাহিত্যিক, বুদ্ধিজীবীরা। নিম্নলিখিত দু'টি ওয়েবসাইটে এই প্রকল্পের যাবতীয় সংবাদ ও প্রয়োজনীয় ঘোষণা উপলব্ধ হবে।
- www.clctcsnsou.in (Centre for Language, Translation & Cultural Studies, NSOU)
 - www.ku.ac.bd (Khulna University, Bangladesh)
- গবেষণার কাজের শেষ পর্বে প্রকল্পটি যৌথভাবে তার রিপোর্ট প্রকাশ করবে। আন্তর্জাতিক মানের এই রিপোর্ট বাংলা ও ইংরেজি দুটি ভাষাতেই প্রকাশিত হবে।
 - প্রকল্পটির প্রথম পর্বের কাজের জন্য আগ্রহী যে-কোনো ব্যক্তি, গবেষক, স্নাতকোত্তর স্তরের যে কোনো ছাত্রছাত্রী যোগাযোগ করতে পারেন। ১৯৪৭ পরবর্তী দুই বাংলার সাহিত্য, ইতিহাস এবং পশ্চিমবঙ্গ-বাংলাদেশের মানচিত্র সম্পর্কে ন্যূনতম জ্ঞান থাকা বাঞ্ছনীয়।
 - এই প্রকল্প নিম্নলিখিত অঞ্চলে বসবাসকারী সাধারণ মানুষের কাছে আর্থিক সাহায্য ব্যতিরেকে যে-কোনো প্রকার সহায়তা বিনম্রচিত্তে প্রার্থনা করে। বাংলার স্মৃতি, সাহিত্য, ইতিহাসকে নথিভুক্ত করার এই প্রয়াসকে সফল করার জন্য প্রয়োজনীয় পরামর্শ, উপাদান গ্রহণ করতে অঙ্গীকারবদ্ধ এই প্রকল্প।

ড মননকুমার মণ্ডল
(কোওর্ডিনেটর, CLTCS)
মানববিদ্যা অনুষদ
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

অধ্যাপিকা ড সাবিহা হক
বিভাগীয় প্রধান, ইংলিশ ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়